মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে মেহেরপুরের আমঝুপিতে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন বিএনপির উদ্যোগে বুধবার (১৯ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে আমঝুপি সরকারি বালক প্রাথমিক বিদ্যালয় এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য এম এ কে খায়রুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় তিনি বলেন, আপনারা নির্যাতন সহ্য করেছেন জুলুম সহ্য করেছেন কেন কিসের জন্য সহ্য করেছেন বাংলাদেশে একটি সুষ্ঠু সমাজ ব্যবস্থা কায়েম করার জন্য সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থা কায়েম করার জন্য বাংলাদেশের হারানো গণতন্ত্রকে পুনরুদ্ধার করে বাংলাদেশের মানুষের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য। আমরা গণতন্ত্রের জন্য লড়াই করেছি। আজকে আমরা জুলাই আগস্ট এর রক্ত খয়ি গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করেছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ ও জেলা বিএনপির সদস্য মোঃ ওমর ফারুক লিটন।

মেহেরপুর সদর উপজেলা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপনের সঞ্চালনায় এসময় জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মোছাঃ রোমানা আহম্মদ, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিদ্যালয়ের এস.এম.সি কমিটির সভাপতি মো. আক্তার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমীর ম্যানেজিং ডাইরেক্টর ও মউকের নির্বাহী প্রধান জনাব আশাদুজ্জামান সেলিম।

স্বাগত বক্তব্য রাখেন একাডেমীর সহকারী শিক্ষক মো. আজিজ ইসলাম। এছাড়া বক্তব্য দেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

অনুষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের ফুল ছিটিয়ে ও মিষ্টিমুখ করিয়ে বরণ করা হয়। তৃণমূল মডেল একাডেমী মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নানা ধরনের কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।

অনুষ্ঠানে একাডেমীর ছাত্র-ছাত্রী, অভিভাবক ও অতিথিরা অংশগ্রহণ করেন। পরবর্তীতে একটি মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়, যা উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মেদ।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

রাষ্ট্র কাঠামো মেরামত ৩১ দফা ও জনসম্পৃক্তি সফল করার লক্ষ্যে আমঝুপি ইউনিয়ন বিএনপি’র ১ নং ওয়ার্ড খোকসা গ্রামের কর্মী সমাবেশে অনুষ্ঠিত হয়।

সোমবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৫ টার দিকে মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

খোকসা গ্রামের বিএনপির প্রবীণ নেতা মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক মোঃ

আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ ইলিয়াস হোসেনের সঞ্চালনায় এ সময় জেলা বিএনপির সদস্য মোঃ ইলিয়াছ হোসেন, মোঃ আলমগীর খান ছাতু, আনছারুল হক, খাইরুল বাশার, আব্দুল্লাহ, হাফিজুর রহমান, মীর ফারুক হোসেন, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ, গনিউল আজম, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, কেন্দ্রীয় যুবদলের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান, ঢাকা মহানগর উত্তর জাসাসের যুগ্ম আহবায়ক রাফিজা আলম নাকী, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, মেহেরপুর সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, আমঝুপি ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুর রহমান হাফিজ, পৌরসভা ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনিসহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপির এ আর বি কলেজে তারুণ্যের উৎসব

“এসো দেশ বদলাই, পৃথিবীকে বদলাই” স্লোগানকে ধারণ করে মেহেরপুরের আমঝুপির এ আর বি ডিগ্রি কলেজে তারুণ্যের উৎসব অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) সকাল ১১টায় কলেজের শিক্ষক মিলনায়তনে আয়োজিত এ উৎসব শিক্ষার্থী ও অতিথিদের মিলনমেলায় পরিণত হয়।

কলেজের অধ্যক্ষ মো. আনোয়ারুল জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন।

দারুস সালাম হীরকের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন।

উৎসবে বক্তব্য রাখেন কলেজের গভর্নিং বডির সভাপতি মো. মারুফ আহমেদ বিজন ও সদস্য মো. জাব্বারুল ইসলাম। এছাড়াও এসময় কলেজের শিক্ষক মাহফুজা হোসেন ফারাজী কল্যাণী, মো. হাবিবুর রহমান,মো. হাসনাত জামানসহ শিক্ষক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

সাবেক চেয়ারম্যান মরহুম গোলাম মোস্তফার স্মরণে মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আমঝুপি ছাত্র সমাজ ও যুব সমাজের উদ্যোগে বুধবার (২৫ ডিসেম্বর) সকাল ১১টায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপির গন্ধরাজপুর পাড়ায় (বটতলা মোড়) এই কর্মসূচি আয়োজন করা হয়।

অনুষ্ঠানে এলাকার সাধারণ মানুষদের ফ্রি মেডিকেল সেবা প্রদান করা হয়। অভিজ্ঞ ডাক্তারদের একটি দল রোগীদের বিভিন্ন স্বাস্থ্য পরামর্শ ও প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করেন।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এসময় তারা মরহুম গোলাম মোস্তফার কর্মময় জীবন, তার সমাজ সেবামূলক কাজ এবং স্থানীয় উন্নয়নে অবদান নিয়ে আলোচনা করা হয়।

এসময় সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্ননসহ ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন ও আলোচনা সভা

মেহেরপুরের আমঝুপিতে বিশ্ব মানবাধিকার দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার সকাল দশটার দিকে এএলআরডি‘র সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মানব উন্নয়ন কেন্দ্র মউক হলরুমে মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের মানবাধিকার কর্মী আশাদুজ্জামান সেলিম।

জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেনের সঞ্চালনায় এ সময় জনসমবায় দলের নারীনেত্রীরা বলেন গ্রামীণ প্রান্তিক পর্যায়ে নারী কৃষকদের যে মৌলিক অধিকার সেটা থেকেও তারা বঞ্চিত হয় ও সরকারি সেবা থেকে ব্যাপকভাবে বঞ্চিত হয়ে থাকেন বলেও জানান মোছাঃ আলতাফন খাতুন, সপ্তমী রানী ও মোছাঃ মুক্তা খাতুন ।

এছাড়াও গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদন মূখী উন্নয়ন বিষয়ে সকলের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে ও জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেনের সঞ্চালনায় মতবিনিময় সভা প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান।

এ সময় তিনি সমবায় রেজিষ্ট্রেশনের জন্য পরামর্শ প্রদান করেন এবং সকল বৈষম্য দূরকরে সকলে মিলে সমবায়ভিত্তিক কাজের মাধ্যমে দারিদ্র বিমোচনের গুরুত্ব আরোপ করার আহবান জানান।

লুণ্ঠিত সম্পদ ফেরত না দিলে বিচারের মুখোমুখি হতে হবে-মাসুদ অরুন

মানুষের সম্পদ যারা লুণ্ঠিত করেছে, তারা যদি তা ফেরত না দেয়, তাহলে জনগণ দাবি করলে তাদের বিচারের মুখোমুখি হতে হবে। যারা দালালি করে লক্ষ-কোটি টাকা বিদেশে পাচার করেছে, তাদের সেই টাকা জনগণের কাছে ফেরত দিতে হবে।

আজ শনিবার (২৩ নভেম্বর) বিকেলে আমঝুপি ইউনিয়ন বিএনপির আয়োজনে আমঝুপি বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত এক বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এ কথা বলেন।

তিনি বলেন, গরিব মানুষের সঙ্গে আমাদের কোনো বিভেদ নেই। তবে, অতীতে দেখা গেছে, ১০ কেজি চাল নিতে হলেও বা বিধবা ভাতা নিতে হলেও মানুষকে “জয় বাংলা” বলতে বাধ্য করা হয়েছে। আমরা গরিব মানুষের প্রতি বৈষম্যহীন নীতিতে বিশ্বাস করি।

আমাদের লড়াই তাদের বিরুদ্ধে, যারা মানুষের সম্পদ লুণ্ঠন করেছে, গরিবের অধিকার কেড়ে নিয়েছে এবং জনগণের ওপর নিপীড়ন চালিয়েছে। দুনিয়ার মেহনতী মানুষদের সঙ্গে আমাদের কোনো শত্রুতা নেই, শত্রুতা কেবল তাদের সঙ্গেই, যারা জনগণকে কষ্ট দিয়েছে এবং তাদের